

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. ৫. ৪. ১১. ওয়র্শিপ অর্থ কদমবুসি

যীশু বলেছেন যে, ইহুদিদেরকে তিনি খ্রিষ্টানদের সামনে নত করাবেন এবং ইহুদিরা খ্রিষ্টানদের পায়ে পড়ে 'ইবাদত' (worship) করবে। প্রকাশিত বাক্য ৩/৯: "I will make them of the synagogue of Satan, which say they are Jews, and are not, but do lie; behold, I will make them to come and worship before thy feet: যারা নিজেদেরকে ইহুদি বলে অথচ ইহুদি নয়, শয়তানের দলের (শয়তানের সিনাগগের) সেই মিথ্যাবাদী লোকদের আমি তোমার কাছে আনব যেন তারা তোমার পায়ে পড়ে ইবাদত করে।" "worship before thy feet: তারা তোমার পায়ে পড়ে ইবাদত করবে" কথাটার অনুবাদ কেরি: "তোমার চরণ সমীপে তাহাদিগকে উপস্থিত করাইয়া প্রণিপাত করাইব।" জুবিলী বাইবেল: "ওদের এনে আমি তোমার পায়ের সামনে প্রণিপাত করতে বাধ্য করব।" কি. মো. "তোমার পায়ের কাছে কদমবুসি করাব"।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13850

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন